কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০১.০১.০০২.২০১৩- ৬৫৬ তারিখঃ ২৮ নভেম্বর ২০১৭।

বরাবর
যুগ্মপরিচালক (সার)
বিএডিসি, ঢাকা।

বিষয়ঃ ঢাকা অঞ্চলের সাভার উপজেলায় ৪০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনাদির নতুনভাবে ভাড়া চুক্তি ও বকেয়া ভাড়া কিস্তিতে পরিশোধের অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-২৪০ তারিখ: ০৭/১১/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা অঞ্চলের সাভার উপজেলায় ৪০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনাদি পুনরায় নবায়নের বিষয়ে পূর্বের মাসিক ভাড়া ৮,৪৭০/- টাকার উপর ২০/১১/২০০৯ তারিখ হতে ১৯/১১/২০১৪ তারিখ পর্যন্ত প্রতি বছরান্তে ১০% এবং ২০/১১/২০১৪ তারিখ হতে ১৯/১১/২০১৭ তারিখ পর্যন্ত প্রতি বছরান্তে ২০% হারে ভাড়া বৃদ্ধি করা হয়। উল্লেখ্য ২০/১১/২০০৯ তারিখ হতে ১৯/১১/২০১৭ তারিখ পর্যন্ত মামলা জনিত কারণে ভাড়া চুক্তি সম্পাদিত না হওয়ায় উক্ত সময়ের ভুতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়। বর্তমানে প্রতি বছরান্তে ২০% হারে ভাড়া বৃদ্ধির শর্তে ১ম বছরের মাসিক ভাড়া ২৮,২৮৮/- (আটাশ হাজার দুইশত আটাশি) টাকা এবং ২য় বছরের মাসিক ভাড়া ৩৩,৯৪৬/- (তেত্রিশ হাজার নয়শত ছিচল্লিশ) টাকা হিসাবে ভাড়াটিয়ার অনুকূলে ২০/১১/২০১৭ তারিখ হতে ১৯/১১/২০১৯ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য নতুনভাবে ভাড়া চুক্তি সম্পাদন এবং ভাড়াটিয়ার আবেদন বিবেচনা করে সমুদয় বকেয়া পাওনাদি ভাড়াটিয়া কর্তৃক ০৩ (তিন) মাস অন্তর ০৪ (চার)টি সমান কিস্তিতে অর্থাৎ ০১ (এক) বছরের মধ্যে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নতুনভাবে ভাড়া চুক্তি সম্পাদন ও বকেয়া ভাড়া পরিশোধের অনুমোদন দেয়া হলো।

শর্তাবলিঃ

১. ভাড়াটিয়া কি কাজে গুদাম ব্যবহার করে তা চুক্তিপত্রে সন্নিবেশিত থাকতে হবে। তাছাড়া ভাড়াটিয়ার ব্যবসার ধরন কি ভাড়াটিয়াকে তারও প্রত্যয়ন পত্র দিতে হবে।
২. ন্যূনতম ২০% হারে ভাড়া বৃদ্ধির শর্ত চুক্তিপত্রে সন্নিবেশ করতে হবে।
৩. সংস্থা/ভাড়াটিয়ার প্রয়োজনে ৯০ (নব্বই) দিনের নোটিশে ভাড়াটিয়া বিনা শর্তে গুদাম ও স্থাপনা ছেড়ে দেয়ার কথা চুক্তিনামায় লিপিবদ্ধ থাকতে হবে।
৪. সরকারি নিয়মানুযায়ী গুদাম ভাড়ার উপর ভাড়াটিয়া ভ্যাট ও উৎসে কর পরিশোধের শর্ত চুক্তিপত্রে লিপিবদ্ধ থাকতে হবে।
৫. ভাড়াটিয়াকে নিজ খরচে গুদাম মেরামত করতে হবে। গুদাম মেরামত খরচ, এ উদ্দেশ্যে ব্যাংক লোন গ্রহণ, অন্যান্য মেরামতসহ গুদাম রক্ষণাবেক্ষণ ইত্যাদি কাজে ব্যবহৃত খরচ ভাড়াটিয়া দাবি করতে পারবে না মর্মে চুক্তিপত্রে প্রখ্যাপন করতে হবে।
৬. চেয়ারম্যান/কমিশনার প্রদত্ত ভাড়াটিয়ার নাগরিকত্ব সনদপত্র প্রদান করতে হবে।
৭. ভাড়ার টাকা পরিশোধ করার জন্য প্রয়োজনীয় আর্থিক সংগতি রয়েছে কিনা তা প্রমাণের জন্য ভাড়াটিয়ার আর্থিক স্বচ্ছলতা সংক্রান্ত সনদপত্র প্রদান করতে হবে।
৮. প্রতি ইংরেজি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে ভাড়া আদায় করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া পরিশোধ না করলে ভাড়াটিয়ার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৯. সংশ্লিষ্ট যুগ্ম পরিচালক কর্তৃক সত্যায়িত ভাড়াটিয়ার ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি চুক্তিপত্রের সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, গুদাম ভাড়া, ভ্যাট, উৎসে কর ও অন্যান্য পাওনা আদায়পূর্বক নিয়মিত মাসিক প্রতিবেদন সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।
১০. চুক্তিপত্রে আরবিট্রেশানের বিষয়ে লিপিবদ্ধ করা যাবে না।

এমতাবস্থায়, বর্ধিত হারে ০৬ (ছয়) মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ জামানত, সংযুক্ত ছক মোতাবেক বকেয়াসহ হালনাগাদ ভাড়া, ভাড়ার উপর ভ্যাট এবং অন্যান্য পাওনা আদায়ের প্রমাণকসহ ঢাকা অঞ্চলের সাভার উপজেলায় ৪০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনাদির উল্লিখিত সময়ের নতুন ভাড়া চুক্তি সম্পাদনের নিমিত্তে শর্ত চুক্তিপত্রে সন্নিবেশপূর্বক নন জুডিশিয়াল স্ট্যাম্পে ৩০০/- (তিন শত) টাকা মূল্যমানের ০৩ (তিন) সেট চুক্তিনামার খসড়া গ্রহণ করে সচিব, বিএডিসি, ঢাকা মহোদয়ের চূড়ান্ত স্বাক্ষরের জন্য যথাসময়ে সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

এ আদেশ দ্বারা অত্র দপ্তর স্মারক নং-৫৬৬ তারিখঃ ২৪/১০/২০১৭ মূলে জারিকৃত আদেশ সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ বকেয়া ভাড়ার হিসাব বিবরণী।

(আশুতোষ লাহিড়ী)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ
১. মেসার্স আব্দুল মোমেন, প্রোঃ আব্দুল মোমেন, ই/৪৮, ব্যাংক কলোনী, ব্লক-এ, বাজার রোড সাভার, ঢাকা-১৩৪০।
২. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
৩. অফিস কপি।

ঢাকা অঞ্চলের সাভার উপজেলায় ৪০০ মেঃটন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনাদির সময়ে সময়ে সরকার কর্তৃক জারিকৃত গেজেট অনুযায়ী গুদাম ও স্থাপনাদি ভাড়ার উপর নির্ধারিত হারে ২০/১১/২০০৯ তারিখ হতে ভ্যাট ও উৎসকর বাবদ সমুদয় বকেয়া পাওনাদি ভাড়াটিয়ার নিকট হতে আদায়পূর্বক সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা প্রদানসহ নিম্নোক্ত হিসাব বিবরণী মোতাবেক বকেয়া ভাড়া আদায় করতে হবে।

## হিসাব বিবরণী

| ক্রমিক নং | সময় | সর্বশেষ মাসিক ভাড়া | ১০% হারে বৃদ্ধি | ২০% হারে বৃদ্ধি | মোট টাকার পরিমান | বছরে ভাড়ার পরিমান | বছরে ভাড়াটিয়া কর্তৃক পরিশোধিত ভাড়ার পরিমান | বকেয়া ভাড়ার পরিমান |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪=(৩×১০%) | ৫=(৩×২০%) | ৬=(৩+৪/৫) | ৭=(৬×১২) | ৮ | ৯=(৭-৮) |
| ১. | ২০/১১/২০০৯ হতে ১৯/১১/২০১০ | ৮,৪৭০/- | ৮৪৭/- | | ৯,৩১৭/- | ১,১১,৮০৪/- | ১,০১,৬৪০/- | ১০,১৬৪/- |
| ২. | ২০/১১/২০১০ হতে ১৯/১১/২০১১ | ৯,৩১৭/- | ৯৩২/- | | ১০,২৪৯/- | ১,২২,৯৮৮/- | ১,০১,৬৪০/ | ২১,৩৪৮/- |
| ৩. | ২০/১১/২০১১ হতে ১৯/১১/২০১২ | ১০,২৪৯/- | ১০২৫/- | | ১১,২৭৪/- | ১,৩৫,২৮৮/- | ১,০১,৬৪০/ | ৩৩,৬৪৮/- |
| ৪. | ২০/১১/২০১২ হতে ১৯/১১/২০১৩ | ১১,২৭৪/- | ১১২৮/- | | ১২,৪০২/- | ১,৪৮,৮২৪/- | ১,০১,৬৪০/ | ৪৭,১৮৪/- |
| ৫. | ২০/১১/২০১৩ হতে ১৯/১১/২০১৪ | ১২,৪০২/- | ১২৪০/- | | ১৩,৬৪২/- | ১,৬৩,৭০৪/- | ১,০১,৬৪০/ | ৬২,০৬৪/- |
| ৬. | ২০/১১/২০১৪ হতে ১৯/১১/২০১৫ | ১৩,৬৪২/- | | ২৭২৮/- | ১৬,৩৭০/- | ১,৯৬,৪৪০/- | ১,০১,৬৪০/ | ৯৪,৮০০/- |
| ৭. | ২০/১১/২০১৫ হতে ১৯/১১/২০১৬ | ১৬,৩৭০/- | | ৩২৭৪/- | ১৯,৬৪৪/- | ২,৩৫,৭২৮/- | ১,০১,৬৪০/ | ১,৩৪,০৮৮/- |
| ৮. | ২০/১১/২০১৬ হতে ১৯/১১/২০১৭ | ১৯,৬৪৪/- | | ৩৯২৯/- | ২৩,৫৭৩/- | ২,৮২,৮৭৬/- | ১,০১,৬৪০/ | ১,৮১,২৩৬/- |
| | | | | | | | সর্বমোট= | ৫,৮৪,৫৩২/- |

(আশুতোষ লাহিড়ী)
মহাব্যবস্থাপক (সার-ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।